

■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৮৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪২১]

৪। সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ২২. ইমাম আসতে যদি দেরী হয় এবং কোন ফিতনা-ফ্যাসাদের সম্ভাবনাও না থাকে, তবে এ পরিস্থিতিতে অন্য কাউকে ইমাম করে সালাত আদায় করে নেয়া

باب تَقْدِيمِ الْجَمَاعَةِ مَنْ يُصلِّي بِهِمْ إِذَا تَأْخَّرَ الإِمَامُ وَلَمْ يَخَافُوا مَفْسَدَةً بِالتَّقْدِيمِ

আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بُنُ رَافِعٍ، وَحَسَنُ بُنُ عَلِيّ الْحُلُوانِيُّ، جَمِيعًا عَنْ عَبْدِ الرَّزَّاقِ، قَالَ ابْنُ رَافِعِ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، حَدَّثَنِي ابْنُ شَهَاب، عَنْ حَدِيث، عَبَّادِ بْنِ زِيَادٍ أَنَّ عُرُوةَ بْنَ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، أَخْبَرَهُ أَنَّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ أَخْبَرَهُ أَنَّهُ، غَزَا مَعَ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم قِبَلَ الْغَائِطِ فَحَمَلْتُ مَعَهُ إِدَاوَةً قَبْل صَلاَةِ الْفَجْرِ فَلَمَّا رَجَعَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم قِبَلَ الْغَائِطِ فَحَمَلْتُ مَعَهُ إِدَاوَةً قَبْل صَلاَةِ الْفَجْرِ فَلَمَّا رَجَعَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم إلَىَّ أَخَذْتُ أُهْرِيقُ عَلَى يَدَيْهِ مِنَ الإِدَاوَةِ وَغَسَلَ يَدَيْهِ ثَلَاثَ مَرَّات ثُمَّ عَلَى الْهِ صلى عَسَل وَجْهَهُ ثُمَّ ذَهَبَ يُخْرِجُ جُبَّتَهُ عَنْ ذَرَاعَيْهِ فَضَاقَ كُمَّا جُبَّتِهِ فَأَدْخَلَ يَدَيْهِ فِي الْجَبَّةِ عَلْ الْجَبَّةِ فَصَلَق كُمَّا جُبَّتِهِ فَأَدْخَلَ يَدَيْهِ فِي الْجَبَّةِ عَمَّلَ وَجْهُهُ ثُمَّ ذَواعَيْهِ فِي الْجَبَّةِ وَعَسَلَ وَجْهُهُ ثُمَّ دَواعَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ثُمَّ تَوَضَاً عَلَى خُفَيْهِ عَلْ الْجُبَّةِ وَعَلَى الْمُوفِقِينِ ثُمَّ تَوَضَى الْبَعْ عَلَى الْمُوفِقِينِ ثُمَّ تَوَضَى الْنَهُ عَلَى الْمُعْيرَةُ وَ وَلَقَالُاتُ مَعَهُ حَتَّى نَجِدُ النَّاسَ قَدْ قَدَّمُوا عَبْدُ الرَّحْمَن بْنَ عَوْف قَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الرَّحْمَن اللهِ عليه وسلم الرَّحُورَةَ فَلَمَّا سَلَّمَ عَبْدُ الرَّحْمَن بْنُ عَوْف قَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الله عَليه وسلم صَلاَتَهُ أَقْبُل عَلَيْهِمْ ثُمَّ قَالَ " قَدْ أَصَبْتُمْ " . أَوْ قَالَ " قَدْ أَصَبْتُمْ " . يَغْطِفُهُمْ أَن صَلْوا الصَلْوَةُ لَوْقُتِها .

বাংলা

৮৩৮-(১০৫/৪২১) মুহাম্মাদ ইবনু রাফি ও হাসান ইবনু আলী আল হুলওয়ানী (রহঃ) মুগীরাহ ইবনু শু'বাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে তাবুকের যুদ্ধে অংশগ্রহণ



করেন। মুগীরাহ (রাযিঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের সালাতের আগে পায়খানায় গেলেন এবং আমি তার সাথে পানির পাত্র নিয়ে গেলাম, তিনি যখন পায়খানা থেকে ফিরে আমার কাছে আসলেন, আমি তার উভয় হাতে পাত্র থেকে পানি ঢালতে লাগলাম। তিনি তার উভয় হাত তিনবার ধুলেন। অতঃপর তিনি মুখমণ্ডল ধুলেন। অতঃপর জুব্বার হাতা উপরের দিকে উঠিয়ে তার মধ্য থেকে হাত বের করতে চাইলেন। কিন্তু জুব্বার হাতা অপ্রশস্ত থাকায় তা সম্ভব হলো না। তিনি নিজের উভয় হাত জুব্বার ভিতরে টেনে নিয়ে তা জুব্বার নীচের দিক দিয়ে বাইরে বের করলেন। অতঃপর উভয় হাত কনুই পর্যন্ত ধুলেন। অতঃপর মোজার উপর মাসাহ করলেন। অতঃপর তিনি রওনা হলেন।

মুগীরাহ (রাযিঃ) বলেন, আমিও তার সাথে সাথে অগ্রসর হলাম। আমরা পৌছে দেখলাম, লোকেরা আবদুর রহমান ইবনু আওফকে সামনে দিয়ে (তাকে ইমাম বানিয়ে) সালাত আদায় করছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম এক রাকাআত পেলেন। তা তিনি তাদের সাথে জামাআতে আদায় করলেন। আবদুর রহমান ইবনু আওফ (রাযিঃ) সালাম ফিরানোর পর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম তার অবশিষ্ট সালাত পূর্ণ করার জন্য দাঁড়িয়ে গেলেন। এতে মুসলিমরা ভয় পেয়ে গেলেন। তারা অত্যধিক পরিমাণে তাসবীহ পাঠ করতে লাগলেন। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম সালাম শেষ করে তাদের দিকে মুখ করে বললেনঃ তোমরা সঠিক কাজ করেছ। তিনি খুশীর সাথে বললেনঃ তোমরা নির্ধারিত সময়ে সালাত আদায় করো। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৮৩৪, ইসলামিক সেন্টারঃ ৮৪৭)

English

Mughira b. Shu'ba reported that he participated In the expedition of Tabuk along with the Messenger of Allah (**). The Messenger of Allah (**) went out to answer the call of nature before the morning prayer. and I carried along with him a jar (full of water). When the Messenger of Allah (**) came back to me (after relieving himself). I began to pour water upon his hands out of the jar and he washed his hands three times, then washed his face three times. He then tried to tuck up the sleeves of his cloak upon his forearms but since the sleeves were tight he inserted his hands in the cloak and then brought out his forearms up to the elbow below the cloak, and then wiped over his shoes and then moved on. Mughira said:

I also moved along with him till he came to the people and (he found) that they had been saying their prayer under the Imamah of 'Abd al-Rahman b. 'Auf. The Messenger of Allah (**) could get one rak ah out of two and said (this) last rak'ah along with the people. When Abd al-Rahman b. 'Auf pronounced the salutation, the Messenger of Allah (**) got up to complete the prayer. This made the Muslims terrified and most of them began to recite the glory of the Lord. When the Messenger of Allah (**) finished his prayer, he turned towards them and then said: You did well, or said with a



sense of joy: You did the right thing that you said prayer at the appointed hour.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন